



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অনুপস্থিত ব্যক্তির ব্যালট নিরাপদ রাখতে এবং নিউ ইয়র্কবাসীর ভোটাধিকার রক্ষা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা (S.253A/A.1144A) নিশ্চিত করে যে বাড়তি দাগ বা লেখার জন্য ব্যালট যাতে বাতিল না হয়ে যায়

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় (S.253A/A.1144A) স্বাক্ষর করলেন যা ব্যালট যদি ভোটারের ইচ্ছা দ্ব্যর্থহীনভাবে প্রকাশ করে তাহলে কোনও বাড়তি বাড়তি দাগ বা লেখার জন্য ব্যালট যাতে বাতিল না হয়ে যায় তা নিশ্চিত করে অনুপস্থিত ব্যক্তির ব্যালট (absentee ballots) নিরাপদ রাখবে এবং নিউ ইয়র্কবাসীর ভোটাধিকার রক্ষা করবে।

"যখন অন্য স্টেটগুলি ভোটাধিকারের প্রতিবন্ধকতা তৈরি করেছে, নিউ ইয়র্ক তখন সাধারণ বুদ্ধির সংশোধন দ্বারা ব্যালট বাক্স ব্যবহার করার সুযোগ বৃদ্ধি করেছে যা আমাদের নির্বাচনকে স্বাধীন ও ন্যায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "একটি একক কলমের দাগের কারণে কোনও ব্যালটের বাতিল হয়ে যাওয়া উচিত নয় এবং আমরা আজকে যেই বিধিমালাটি স্বাক্ষর করছি তা নিউ ইয়র্কবাসীর দ্ব্যর্থহীন ভোট গণনা নিশ্চিত করার জন্য একটি বড় অগ্রগামী ধাপ।"

নির্বাচন আইন (Election Law) অনুযায়ী ব্যালটে শুধু যেখানে ভোটার নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিচ্ছে সেখানেই দাগ থাকতে পারবে। মাঝে মাঝে, ব্যালটে বাড়তি দাগ বা কালি লেগে যায়। এটি অসাবধানতা বা অনিচ্ছাকৃত হতে পারে এবং তা অন্যথায় বৈধ একটি ব্যালটকে বাতিল করতে পারে, যার ফলে সেই ভোটারের সরকারি পলিসি সুবিধায় কোনও ভোটাধিকার থাকে না। বিধিমালাটি নিশ্চিত করে যে যখন ভোটারের প্রকাশিত ইচ্ছা স্পষ্ট হবে, তখন একটি বাড়তি দাগ বা লেখার কারণে অনুপস্থিত ব্যক্তির ব্যালট বাতিল হবে না এবং এর ফলে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের বৈধতার জন্য কোনও ব্যয়বহুল আইনি মামলার প্রয়োজন হবে না, যা নিউ ইয়র্কবাসীর জন্য একটি চাপ ছিলো এবং ভোটারের ভোটাধিকার খর্ব করতে পারতো।

অনুপস্থিত ব্যক্তির ব্যালট এবং তার দ্বারা সম্ভব করা নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারা একটি স্বাধীন, ন্যায্য নির্বাচনের জন্য মৌলিক এবং এটিই গণতন্ত্রের শক্তি। সাম্প্রতিক বছরগুলিতে, নিউ ইয়র্কে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের ব্যবহার আকাশচুম্বী হয়েছে এবং কোনও নিউ ইয়র্কবাসী যাতে ভোটাধিকার না হারায় তা নিশ্চিত করতে তাদের ব্যবহার সুরক্ষিত রাখা অত্যন্ত জরুরি।

স্টেট সিনেটর জেলনর মাইরি বলেন, "অনুপস্থিত ব্যক্তির ব্যালট নিউ ইয়র্কবাসীদের নিজেদের গণতন্ত্রে অংশগ্রহণ করার জন্য অতি গুরুত্বপূর্ণ একটি পন্থা, যখন তাদের সশরীরে ভোট দিতে যাওয়া সম্ভব হয় না। একটি বাড়তি দাগ বা অন্য ক্ষুদ্র নিয়মের বাঁধার কারণে কোনও ভোটারের ব্যালট বাতিল হওয়া উচিত না, যদি তাদের ইচ্ছা দ্ব্যর্থহীনভাবে প্রকাশিত হয়। আইনটি আরো ভোট গণনা হওয়া নিশ্চিত করতে সাহায্য করবে এবং আমি এটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "ভোটারের ইচ্ছার সম্মান করা নির্বাচনী প্রক্রিয়া এবং ভোটারের আস্থা উভয়ের জন্য অতি গুরুত্বপূর্ণ। বিলটি অনুযায়ী কোনও বাড়তি দাগসহ অনুপস্থিত ব্যক্তির ব্যালট গণনা করা আবশ্যিক হবে, যদি ভোটারের মত দ্ব্যর্থহীনভাবে প্রকাশ পায়। যেসকল ভোটার অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার করে, তাদের জন্য এটি একটি নিয়মের বাঁধা দূর করবে যা নিশ্চিত করবে যে পাতার কোথাও ভুলক্রমে কোনও দাগ লেগে গেলেও তাদের ভোট গণনা করা হবে। আমি স্টেটের সিনেটর মাইরিকে তার অংশীদারিত্ব এবং অ্যাডভোকেসির জন্য ধন্যবাদ জানাচ্ছি যার ফলে সিনেটে এই বিল পাশ হয়েছে। এছাড়াও আমি এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং সেটি করে নিউ ইয়র্কের ভোটারদের সম্পূর্ণ ভোটাধিকার প্রদান করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418